

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



বিআরপিডি সার্কুলার নং- ১৫

আষাঢ় ২৯, ১৪২৮
তারিখঃ -----
জুলাই ১৩, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**২০২১ সালের আসন্ন ঈদুল আজহা উপলক্ষে কোরবানিকৃত পশুর চামড়া ক্রয়ের উদ্দেশ্যে
চামড়া ব্যবসায়ীদের ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

ঈদুল আজহা উপলক্ষে কোরবানিকৃত পশুর চামড়া ক্রয়ের উদ্দেশ্যে চামড়া ব্যবসায়ীদের (কাঁচা চামড়া ক্রয়-বিক্রয়/প্রক্রিয়াজাতকরণের সাথে সংশ্লিষ্ট ট্যানারী শিল্পসহ চামড়া খাতের সকল ব্যবসা প্রতিষ্ঠান/শিল্প) অনুকূলে প্রতি বছর তফসিলি ব্যাংক কর্তৃক উল্লেখযোগ্য পরিমাণ ঋণ বিতরণ করা হয়ে থাকে। চামড়া শিল্পে বিরাজমান সমস্যাসহ কোভিড-১৯ এর নেতিবাচক প্রভাবজনিত কারণে ২০২০ সালে কোরবানিকৃত পশুর কাঁচা চামড়া ক্রয়ের উদ্দেশ্যে বিতরণকৃত ঋণের কিছু অংশ অনাদায়ী রয়েছে মর্মে জানা গিয়েছে। ফলে ২০২১ সালের আসন্ন ঈদুল আজহা উপলক্ষে কোরবানিকৃত পশুর চামড়া ক্রয়ের উদ্দেশ্যে প্রয়োজনীয় ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান করা তফসিলি ব্যাংকসমূহের পক্ষে দুর্লভ হয়ে পড়েছে।

০২। প্রসঙ্গত, দেশীয় কাঁচামাল ভিত্তিক চামড়া শিল্পে ব্যবহৃত কাঁচামালের প্রায় অর্ধেক যোগান আসে প্রতিবছর পবিত্র ঈদুল আজহা উপলক্ষে কোরবানিকৃত পশুর চামড়া থেকে। এ সময় চামড়া ব্যবসায়ীদের নিকট প্রয়োজনীয় অর্থের যোগান নিশ্চিত করা গেলে একদিকে মূল্যবান কাঁচামাল সংরক্ষণ করা সম্ভবপর হবে, অন্যদিকে কোরবানিকৃত পশুর চামড়া বিক্রির মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠী আর্থিকভাবে উপকৃত হবে।

০৩। সার্বিক বিবেচনায় এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ২০২০ সালে কোরবানিকৃত পশুর চামড়া ক্রয়ের উদ্দেশ্যে বিতরণকৃত ঋণের অপরিশোধিত অর্থের বিপরীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের গোডাউনে স্টক/সহায়ক জামানত থাকা সাপেক্ষে উক্ত অপরিশোধিত অর্থ ৩% ডাউন পেমেন্ট গ্রহণ করে সর্বোচ্চ ৩ (তিন) বছর মেয়াদে পুনঃতফসিল করা যাবে। উক্ত পদ্ধতিতে পুনঃতফসিলকরণের পর ব্যাংকিং নিয়মাচার অনুসরণপূর্বক তফসিলি ব্যাংকসমূহ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ২০২০ সালের ঈদুল আজহার জন্য পূর্বনির্ধারিত কোটার (বরাদ্দকৃত অর্থের) সমপরিমাণ ঋণ বিতরণ করতে পারবে। উল্লেখ্য, উক্ত ঋণগ্রহীতাদের অনুকূলে ২০২১ সালে কোরবানিকৃত পশুর চামড়া ক্রয়ের উদ্দেশ্যে নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে কোন ধরনের কম্প্রোমাইজড এমাউন্ট আদায় করা যাবে না।

০৪। এ সুবিধা ৩১ আগস্ট, ২০২১ পর্যন্ত বলবৎ থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২